গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ১৫৫/২০১৮-২০১৯
ঢাকা, বৃহস্পতিবার ৭ ফেব্রুয়ারি ২০১৯, ২৫ মাঘ ১৪২৫
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। হয়রানিমুক্ত সেবা নিশ্চিত করুন : পুলিশকে রাষ্ট্রপতি
২। বিদ্যুতে আলোকিত হবে প্রতিটি ঘর : প্রধানমন্ত্রী
৬টি বিদ্যুৎকেন্দ্র ও ৯টি গ্রিড উপকেন্দ্রের উদ্বোধন
৩। জামায়াত নিষিদ্ধে আদালতের রায় পর্যন্ত অপেক্ষা : সংসদে প্রধানমন্ত্রী
৪। ২০১৯ সালের ডিসেম্বরের মধ্যেই পদ্মাসেতু : সংসদে প্রধানমন্ত্রী
৫। বেকারদের কর্মসংস্থানের ব্যাপক পদক্ষেপ নেওয়া হয়েছে : সংসদে প্রধানমন্ত্রী
৬। প্রধানমন্ত্রী শেখ হাসিনার মতো নেতা বিশ্বে বিরল : ইউএনএইচসিআর'র বিশেষ দূত অ্যাঞ্জেলিনা জোলি
বঙ্গবন্ধু জাদুঘর পরিদর্শন করলেন অ্যাঞ্জেলিনা জোলি
৭। উপদেষ্টা তৌফিক-ই-ইলাহীর বইয়ের মোড়ক উন্মোচন করলেন প্রধানমন্ত্রী
৮। হারের আশঙ্কায় উপজেলা নির্বাচনে অংশ নিচ্ছে না বিএনপি : সেতুমন্ত্রী
৯। প্লাস্টিকের চাল বলতে কোনো চাল নেই : কৃষিমন্ত্রী
১০। বন্দিদের মোবাইলের কথোপকথন রেকর্ড করা হবে : সংসদে স্বরাষ্ট্রমন্ত্রী
১১। ভারতে ২৪ ঘন্টা বিটিভি দেখা যাবে : তথ্যমন্ত্রী
১২। খেলাপি ঋণ অবশ্যই একটি অপরাধ, কোনো ছাড় নয় : অর্থমন্ত্রী
১৩। গ্রামীণ অর্থনীতিকে গতিশীল করার বিভিন্ন উদ্যোগ নিয়েছে সরকার : স্থানীয় সরকার মন্ত্রী
১৪। নারীদের বিকশিত হওয়ার সুযোগ তৈরি হয়েছে : শিক্ষামন্ত্রী
১৫। রোহিঙ্গা অনুপ্রবেশ ঠেকাতে বাংলাদেশ-মিয়ানমার সীমান্ত বন্ধ : পররাষ্ট্রমন্ত্রী
১৬। গত পাঁচ অর্থবছরে বিদেশি বিনিয়োগ এক লাখ ১৬ হাজার কোটি টাকা : সংসদে পররাষ্ট্রমন্ত্রী
১৭। ভারত গেলেন পররাষ্ট্রমন্ত্রী
১৮। বেসরকারি প্রতিষ্ঠানগুলোকে রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতা দিয়ে এগিয়ে নিয়ে যাওয়া হবে :
রিহ্যাব ফেয়ার উদ্বোধনকালে গণপূর্তমন্ত্রী
১৯। রেল ব্যবস্থাপনায় বহুমুখী প্রকল্প গ্রহণ করেছে সরকার : রেলমন্ত্রী
২০। জাতীয় সংসদে আরও ৮ সংসদীয় কমিটি গঠন
২১। উপজেলা নির্বাচনে অনিয়ম হলে ভোট বন্ধ : সিইসি
২২। ইউনিসেফের ভাইস প্রেসিডেন্ট হলো বাংলাদেশ
২৩। একুশে পদক পেলেন ২১ গুণীজন
২৪। ক্ষুদ্র উদ্যোক্তার উন্নয়নে ৫ কোটি মার্কিন ডলার ঋণ দেবে এডিবি

চলমান পাতা-২

১। **হয়রানিমুক্ত সেবা নিশ্চিত করুন : পুলিশকে রাষ্ট্রপতি**

সেবাপ্রত্যাশী মানুষ যাতে হয়রানির শিকার না হয়, সেদিকে গুরুত্ব দিয়ে পুলিশকে জনবান্ধব হওয়ার আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ। পুলিশ সপ্তাহ উপলক্ষে গতকাল (৬ ফেব্রুয়ারি বুধবার) বঙ্গভবনে এক অনুষ্ঠানে বাহিনীর সদস্যদের উদ্দেশে রাষ্ট্রপতি এ আহ্বান জানান। পুলিশ সদস্যদের উদ্দেশে রাষ্ট্রপতি বলেন, আপনাদের মনে রাখতে হবে, জনগণ যখন আপনাদের নিকট থেকে কাঙ্ক্ষিত সেবা পাবে, বিপদে আপনাদের বন্ধু ভাবতে পারবে, তখনই আপনাদের দায়িত্ব পালনে সার্থকতা আসবে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.২), **সংবাদ** (শেষপৃ,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১),**অবজারভার** (শেষ পৃ,ক.২)।

২। **বিদ্যুতে আলোকিত হবে প্রতিটি ঘর : প্রধানমন্ত্রী**

**৬টি বিদ্যুৎকেন্দ্র ও ৯টি গ্রিড উপকেন্দ্রের উদ্বোধন**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বিদ্যুৎ সংযোগের জন্য জনগণকে আর এদিক-ওদিক ছোটাছুটি করতে হবে না। সরকার ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে দেবে। সরকারের লক্ষ্য বিদ্যুৎ উৎপাদনের মাধ্যমে প্রতিটি ঘর আলোকিত করা। গতকাল (৬ ফেব্রুয়ারি বুধবার) গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে দেশের বিভিন্ন এলাকায় এক হাজার ৬২ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন নতুন ছয়টি বিদ্যুৎকেন্দ্রের উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নয়টি গ্রিড উপকেন্দ্র উদ্বোধন করেন। এছাড়া সাগরের নিচ দিয়ে ক্যাবলের মাধ্যমে চট্টগ্রামের সন্দ্বীপ উপজেলায় বিদ্যুৎ সরবরাহ এবং ১২টি উপজেলায় শতভাগ বিদ্যুৎ সংযোগের উদ্বোধন করা হয় এ অনুষ্ঠানে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.১), **সমকাল** (পৃ.২,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.২),**অবজারভার** (পৃ.১,ক.১)।

৩। **জামায়াত নিষিদ্ধে আদালতের রায় পর্যন্ত অপেক্ষা : সংসদে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, জামায়াত যুদ্ধাপরাধী দল, ১৯৭১ সালে পাকিস্তানি বাহিনীর দোসর ছিল। এ দেশে গণহত্যা চালানো থেকে শুরু করে নারী ধর্ষণ, লুটপাট, অগ্নিসংযোগসহ নানা ধরনের অপরাধ করেছিল। জামায়াত নিষিদ্ধের মামলাটি আদালতে চলমান রয়েছে। আমি আশা করি, কোর্টের রায় খুব শীঘ্রই যদি হয়ে যায়, তাহলে জামায়াত রাজনৈতিক দল হিসেবে নিষিদ্ধ হবে। গতকাল (৬ ফেব্রুয়ারি বুধবার) জাতীয় সংসদে এক সম্পূরক প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.২), **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২)।

৪। **২০১৯ সালের ডিসেম্বরের মধ্যেই পদ্মাসেতু : সংসদে প্রধানমন্ত্রী**

জাতীয় সংসদে এক প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী শেখ হাসিনা জানান, সম্পূর্ণ নিজস্ব অর্থায়নে ৩০ হাজার ১৯৩ কোটি ৩৮ লাখ টাকা ব্যয়ে পদ্মাসেতুর নির্মাণকাজ এগিয়ে চলছে। এর মধ্যে এ প্রকল্পের ৬২ শতাংশ ভৌত কাজ সম্পন্ন হয়েছে। তিনি বলেন, কারিগরি দিক থেকে অত্যন্ত জটিল এ সেতুর পাইল ড্রাইভিং চলাকালে সয়েল কন্ডিশনের কারণে কিছু পাইলের পুনরায় ডিজাইন করতে হয়েছে। দেশি ও আন্তর্জাতিক বিশেষজ্ঞগণের পরামর্শ অনুযায়ী এ সকল পাইলের ডিজাইন সম্পন্ন করতে কিছুটা অতিরিক্ত সময়ের প্রয়োজন হয়েছে। তা সত্ত্বেও চলতি ২০১৯ সালের ডিসেম্বর মাসের মধ্যে পদ্মাসেতুর নির্মাণকাজ সম্পন্ন করার সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত আছে। প্রধানমন্ত্রী আরো বলেন, পদ্মাসেতুতে রেলসংযোগ স্থাপন এবং পদ্মাসেতু হয়ে ফরিদপুর জেলার ভাঙ্গা হতে বরিশাল পর্যন্ত রেলসংযোগ স্থাপনের কাজও চলছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৪,ক.৩), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১৫,ক.৬), **ডেইলি সান** (পৃ.১৫,ক.৮)।

৫। **বেকারদের কর্মসংস্থানের ব্যাপক পদক্ষেপ নেওয়া হয়েছে : সংসদে প্রধানমন্ত্রী**

জাতীয় সংসদে এক প্রশ্নের জবাবে সংসদ নেতা ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, সর্বশেষ সার্ভে অনুযায়ী দেশে ২৬ লাখের মতো বেকার রয়েছে। বেকারত্ব দূর করতে আমরা নানাবিধ পদক্ষেপ গ্রহণ করেছি। ১০০টি অর্থনৈতিক অঞ্চল গঠিত হলে সেখানে প্রায় সোয়া কোটি মানুষের কর্মসংস্থান হবে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৪,ক.৩)।

৬। **প্রধানমন্ত্রী শেখ হাসিনার মতো নেতা বিশ্বে বিরল : অ্যাঞ্জেলিনা জোলি**

**বঙ্গবন্ধু জাদুঘর পরিদর্শন করলেন জোলি**

মিয়ানমারের ১০ লাখের বেশি রোহিঙ্গাকে আশ্রয় দেওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে উদাহরণ সৃষ্টিকারী নেতা বলে অভিহিত করেছেন হলিউড তারকা অ্যাঞ্জেলিনা জোলি। গতকাল (৬ ফেব্রুয়ারি বুধবার) গণভবনে প্রধানমন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাতে ইউএনএইচসিআর'র বিশেষ দূত জোলি এ মন্তব্য করেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার মতো

নেতা বিশ্বে বিরল। জোলি বলেন, আশ্রয় নেওয়া এত বিপুলসংখ্যক মানুষকে খাওয়ানো-পরানো কঠিন কাজ। জাতিসংঘ, ইউএনএইচসিআর, বিশ্বব্যাংক একসঙ্গে কাজ করবে, যাতে বাংলাদেশের বোঝাটা একটু কমে। প্রধানমন্ত্রী এ সময় বলেন, মিয়ানমার আমাদের প্রতিবেশী। রোহিঙ্গাদের ফেরানোর বিষয়ে আমরা তাদের সঙ্গে আলোচনা করছি, চুক্তি করেছি। মিয়ানমার রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে দেরি করায় প্রধানমন্ত্রী হতাশা প্রকাশ করেন। অ্যাঞ্জেলিনা জোলি গতকাল ঢাকার

ধানমণ্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধু জাদুঘর পরিদর্শন করেন। জোলি বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা জানানোর পর জাদুঘরে পরিদর্শন বইয়ে স্বাক্ষর করেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **সংবাদ** (শেষ পৃ,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

৭। **উপদেষ্টা তৌফিক-ই-ইলাহীর বইয়ের মোড়ক উন্মোচন করলেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (৬ ফেব্রুয়ারি বুধবার) বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদবিষয়ক উপদেষ্টা তৌফিক-ই-ইলাহী চৌধুরীর চেক ভাষায় অনুদিত 'চ্যারিয়ট অভ্ লাইফ' বইয়ের মোড়ক উম্মোচন করেছেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর সরকারি বাসভবন গণভবনে বইটির মোড়ক উন্মোচন করেন। 'চ্যারিয়ট অভ্ লাইফ' বইটি ৩৭ বছর আগে লেখকের যাপিত দুই জীবনের আত্মজীবনীমূলক বই। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.৫), **সংবাদ** (শেষ পৃ,ক.৭), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.৭)।

৮। **হারের আশঙ্কায় উপজেলা নির্বাচনে অংশ নিচ্ছে না বিএনপি : সেতুমন্ত্রী**

জাতীয় নির্বাচনের পর উপজেলা নির্বাচনেও হারতে পারে, এ আশঙ্কায় নির্বাচনে অংশ নিচ্ছে না বিএনপি এ কথা উল্লেখ করে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেন, নির্বাচনে হারতে হারতে বিএনপি জয়ের আশা ছেড়ে দিয়েছে। উপজেলা নির্বাচন বয়কট করতে চাচ্ছে, যাতে হারের জ্বালা সইতে না হয়। গতকাল (৬ ফেব্রুয়ারি বুধবার) ধানমণ্ডিতে আওয়ামী লীগ সভাপতির রাজনৈতিক কার্যালয়ে উপজেলা নির্বাচনের মনোনয়ন ফরম বিতরণ পরিদর্শনে এসে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৫), **যুগান্তর** (শেষ পৃ,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.৪), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.৮)।

৯। **প্লাস্টিকের চাল বলতে কোনো চাল নেই : কৃষিমন্ত্রী**

প্লাস্টিকের চাল পাওয়ার খবরকে ভিত্তিহীন দাবি করে কৃষিমন্ত্রী ড. আব্দুর রাজ্জাক বলেছেন, প্লাস্টিকের চাল বলতে কোনো চাল নেই। এটি কোনোভাবেই হতে পারে না। গতকাল (৬ ফেব্রুয়ারি বুধবার) সচিবালয়ে বাংলাদেশে নিযুক্ত যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত আর্ল রবার্ট মিলারের সঙ্গে সাক্ষাৎ শেষে কৃষিমন্ত্রী সাংবাদিকদের এ কথা বলেন। কৃষিমন্ত্রী বলেন, বাংলাদেশ দানা জাতীয় খাদ্যে স্বয়ংসম্পূর্ণ। এখন আমাদের চ্যালেঞ্জ হলো কী করে মানুষকে পুষ্টিসম্মত খাবার খাওয়াতে পারি। তিনি বলেন, প্রধানমন্ত্রী ঢাকায় কেন্দ্রীয়ভাবে একটা বড় আধুনিক ল্যাবরেটরি করার ঘোষণা দিয়েছেন, যাতে দ্রুত খাদ্যে ভেজাল নির্ণয় করা যায়। এছাড়া আট বিভাগে আরও আটটি ল্যাব স্থাপন করা হবে। এসব ল্যাবরেটরিতে যন্ত্র চালানোর জন্য প্রশিক্ষিত জনবল দরকার। সেজন্য যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূতের কাছে সহযোগিতা চাওয়া হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.২), **যুগান্তর** (পৃ.৩,ক.৮), **ডেইলি সান** (পৃ.২,ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১)।

১০। **বন্দিদের মোবাইলের কথোপকথন রেকর্ড করা হবে : সংসদে স্বরাষ্ট্রমন্ত্রী**

বন্দিদের আত্মীয়স্বজনের সঙ্গে মোবাইল ফোনে কথোপকথন রেকর্ড করা হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল। তিনি বলেন, একটি নীতিমালার ভিত্তিতে এসব মনিটরিং করা হবে। জেল সুপারের নেতৃত্বে ৬ সদস্যের একটি কমিটি সার্বিক বিষয়টি মনিটরিং করবে। মন্ত্রী আরও বলেন, জঙ্গি, টপটেরর ও বিভিন্ন আলোচিত মামলার স্পর্শকাতর বন্দিদের এ সুবিধার বাইরে রাখা হবে। এ কারণে কারাগার থেকে মোবাইল ফোনে অপরাধে মদদ দেওয়ার কোনো সুযোগ থাকবে না। গতকাল (৬ ফেব্রুয়ারি বুধবার) জাতীয় সংসদে প্রশ্নোত্তরপর্বে মন্ত্রী এসব তথ্য জানান। সূত্র : **যুগান্তর** (পৃ.১৬,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.২,ক.৪), **অবজারভার** (পৃ.৩,ক.১) **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৬)।

১১। **ভারতে ২৪ ঘন্টা বিটিভি দেখা যাবে : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্মুদ বলেছেন, প্রতিবেশী দেশ ভারতে ২৪ ঘন্টা দেখা যাবে বাংলাদেশ টেলিভিশন (বিটিভি)। এ বিষয়ে শীঘ্রই ভারতের সঙ্গে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হতে যাচ্ছে। বিটিভি দিয়ে শুরু হলেও পরবর্তীতে অন্য বেসরকারি চ্যানেলগুলোও সেখানে প্রদর্শনের সুযোগ পাবে। গতকাল (৬ ফেব্রুয়ারি বুধবার) জাতীয় প্রেসক্লাবে মুক্তিযুদ্ধের চেতনা সাংবাদিক ফোরাম আয়োজিত এক মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.৩), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **অবজারভার** (শেষ পৃ,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫)।

১২। **খেলাপি ঋণ অবশ্যই একটি অপরাধ, কোনো ছাড় নয় : অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, খেলাপি ঋণ অবশ্যই একটা অপরাধ। ঋণ নিয়ে পুরোপুরি ব্যবহার করতে না পারলে সেটি ঋণগ্রহীতার ব্যর্থতা। তবে দেখতে হবে কারা ব্যবসায়ী আর কারা অসাধু ব্যবসায়ী। অসাধু

ব্যবসায়ীদের কোনো ছাড় নেই। আর যারা (ব্যাংকার) ঋণখেলাপিদের সহায়তা করেছেন, তাদের বিরুদ্ধেও ব্যবস্থা নেওয়া হবে। গতকাল (৬ ফেব্রুয়ারি বুধবার) রাষ্ট্রায়ত্ত রূপালী ব্যাংকের বার্ষিক ব্যবসায়িক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে অর্থমন্ত্রী এসব কথা বলেন। রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ মিলনায়তনে অনুষ্ঠিত এ সম্মেলনে তিনি আরও বলেন, প্রতিটি ব্যাংকে বিশেষ নিরীক্ষা করা হবে। সূত্র **: যুগান্তর** (পৃ.১,ক.৬), **ইত্তেফাক (**পৃ.১,ক.১**), নিউ নেশন** ( শেষ পৃ,ক.১), **নিউজ টুডে (**পৃ.১,ক.২)।

**১৩। গ্রামীণ অর্থনীতিকে গতিশীল করার বিভিন্ন উদ্যোগ নিয়েছে সরকার : স্থানীয় সরকার মন্ত্রী**

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মোঃ তাজুল ইসলাম বলেছেন, গ্রামীণ অর্থনীতিকে গতিশীল করার জন্য তরুণদের অংশগ্রহণ ও উদ্যোক্তার উন্নয়নের জন্য বর্তমান সরকার বিভিন্ন উদ্যোগ নিয়েছে। পাশাপাশি বি-ল্যাব এর উদ্যোগের প্রশংসা ও সফলতাও কামনা করেন তিনি। গতকাল (৬ ফেব্রুয়ারি বুধবার) রাজধানীর সিরডাপ মিলনায়তনে বিএআরডি ও বিআইআইডি'র যৌথ উদ্যোগে 'আধুনিক নগর সুবিধা সম্প্রসারণের লক্ষ্যে গ্রামের তরুণ উদ্যোক্তা সৃজন' শীর্ষক এক কর্মশালায় তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.১)।

**১৪। নারীদের বিকশিত হওয়ার সুযোগ তৈরি হয়েছে : শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, নারীরা পিছিয়ে থাকলে সমাজ, রাষ্ট্র বা বিশ্বের সম্ভাবনা পুরোপুরি বিকশিত হয় না। সমাজ এগুবে না যদি আমরা নারীদের পেছনে ফেলে রাখি। নারীদের যে বিশাল সম্ভাবনা রয়েছে তা কাজে লাগাতে হবে। পুরুষের পাশাপাশি নারীদের সমানভাবে এগিয়ে নিতে হবে। গতকাল (৬ ফেব্রুয়ারি বুধবার) রাজারবাগে বাংলাদেশ পুলিশ অডিটোরিয়ামে পুলিশ নারী কল্যাণ সমিতি'র বার্ষিক সমাবেশ ও আনন্দ মেলা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব একথা বলেন। সূত্র **: ইত্তেফাক** (পৃ.৩,ক.৪), **সংবাদ (শেষ** পৃ.,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** ( পৃ.২,ক.৮)।

**১৫। গত পাঁচ অর্থবছরে বিদেশি বিনিয়োগ এক লাখ ১৬ হাজার কোটি টাকা : সংসদে পররাষ্ট্রমন্ত্রী**

গত পাঁচ অর্থবছরে (২০১৩-১৮) বাংলাদেশে বিদেশি বিনিয়োগ এসেছে এক লাখ ১৫ হাজার ৯৪৪ কোটি ৫১ লাখ ৭৮ হাজার টাকা (২৮৫৫৫.৫৩ মিলিয়ন মার্কিন ডলার)। বিশ্বের ৪৫টি দেশ এ বিনিয়োগ করেছে। গতকাল (৬ ফেব্রুয়ারি বুধবার) জাতীয় সংসদে এক প্রশ্নের জবাবে এ তথ্য দিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী এ কে আব্দুল মোমেন। পররাষ্ট্রমন্ত্রীর অনুপস্থিতিতে তাঁর হয়ে সংসদ সদস্যদের প্রশ্নের জবাব দেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম। অপর এক প্রশ্নের জবাবে পররাষ্ট্রমন্ত্রী বলেন, পলাতক আসামি বিএনপি'র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানকে যুক্তরাজ্য থেকে কূটনৈতিক প্রচেষ্টার মাধ্যমে দেশে ফিরিয়ে এনে আদালতের রায় কার্যকর করার বিষয়ে তিনি আশাবাদী। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৩), **ফিনানশিয়াল এক্সপ্রেস (** শেষ পৃ.,ক.৭**), এশিয়ান এজ** ( শেষ পৃ,ক.৩)।

**১৬। ভারত গেলেন পররাষ্ট্রমন্ত্রী**

দ্বিপাক্ষিক সম্পর্ককে আরও মজবুত করার জন্য তিন দিনের সফরে ভারত গেছেন পররাষ্ট্রমন্ত্রী এ কে আব্দুল মোমেন। গতকাল (৬ ফেব্রুয়ারি বুধবার) তিনি ঢাকা ত্যাগ করেন। ৭ জানুয়ারি শপথ নেওয়ার পর এটি পররাষ্ট্রমন্ত্রীর প্রথম বিদেশ সফর। তিনি দিল্লীতে পঞ্চম যৌথ কনসালটেটিভ কমিশনের বৈঠকে অংশগ্রহণের পাশাপশি ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে সাক্ষাৎ করবেন। আগামীকাল (৭ ফেব্রুয়ারি বৃহস্পতিবার) ভারতের প্রধানমন্ত্রীর সঙ্গে দেখা করার কথা রয়েছে তাঁর। এছাড়া আগামী ৮ ফেব্রুয়ারি শুক্রবার অনুষ্ঠেয় যৌথ কনসালটেটিভ কমিশনের বৈঠকে ভারতের পক্ষে নেতৃত্ব দেবেন সে দেশের পররাষ্ট্রমন্ত্রী সুষমা স্বরাজ। আশা করা হচ্ছে, ঐ বৈঠকে তিন থেকে পাঁচটি সমঝোতা স্মারক স্বাক্ষর হতে পারে। সূত্র **: জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক (শেষ** পৃ,ক.১**), ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ,ক.১)।

**১৭। রোহিঙ্গা অনুপ্রবেশ ঠেকাতে বাংলাদেশ-মিয়ানমার সীমান্ত বন্ধ : পররাষ্ট্রমন্ত্রী**

মিয়ানমার থেকে নতুন করে রোহিঙ্গা অনুপ্রবেশ ঠেকাতে বাংলাদেশের সীমান্ত বন্ধ করে দেওয়া হয়েছে। আর কোনো রোহিঙ্গা বা মিয়ানমারের নাগরিককে বাংলাদেশে অনুপ্রবেশ করতে দেওয়া হবে না। সেখানে নতুন করে শুরু হওয়া সহিংসতার পরিপ্রেক্ষিতে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী এ কে আব্দুল মোমেন। পররাষ্ট্রমন্ত্রী জাতিসংঘের শরণার্থীবিষয়ক সংস্থার (ইউএনএইচসিআর) বিশেষ দূত অ্যাঞ্জেলিনা জোলি ও জাতিসংঘ মহাসচিবের মিয়ানমারবিষয়ক বিশেষ দূত ক্রিস্টিন এস বার্গনারের সঙ্গে বৈঠকের পর গতকাল (৬ ফেব্রুয়ারি বুধবার) সাংবাদিকদের এ কথা জানান। সূত্র **: যুগান্তর** (শেষপৃ,ক.২), **জনকণ্ঠ (**পৃ.২,ক.৩**), অবজারভার** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.২)।

১৮। **বেসরকারি প্রতিষ্ঠানগুলোকে রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতা দিয়ে এগিয়ে নিয়ে যাওয়া হবে : রিহ্যাব ফেয়ার উদ্বোধনকালে গণপূর্তমন্ত্রী**

বেসরকারি প্রতিষ্ঠানগুলোকে রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতা দিয়ে এ সরকার এগিয়ে নিয়ে যাবে বলে জানিয়েছেন গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রী শ.ম. রেজাউল করিম। তিনি বলেন, সরকারি উন্মুক্ত জমিগুলো বেসরকারি আবাসনখাতে কিভাবে দিয়ে দেওয়া যায় এটা নিয়ে সরকার চিন্তা ভাবনা করবে। দেশের আবাসন খাতকে প্রধানমন্ত্রী গুরুত্ব সহকারে সবসময় বিবেচনা করেছেন। গতকাল (৬ ফেব্রুয়ারি বুধবার) রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে দিনব্যাপী রিহ্যাব ফেয়ার উদ্বোধন অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। সূত্র : **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **অবজারভার** বিজনেস পাতা (পৃ.১,ক.৬), **ডেইলি সান** ( শেষ পৃ,ক.২)।

১৯। **রেল ব্যবস্থাপনায় বহুমুখী প্রকল্প গ্রহণ করেছে সরকার : রেলমন্ত্রী**

রেলমন্ত্রী মোঃ নূরুল ইসলাম সুজন বলেছেন, যোগাযোগের জন্য রেল যাতে সারাদেশের নিরাপদ, সাশ্রয়ী এবং স্বল্প খরচের বাহন হিসেবে সাধারণ জনগণের দোরগোড়ায় পৌঁছে সে লক্ষ্যে সরকার ইতোমধ্যে বহুমুখী প্রকল্প গ্রহণকরেছে। গতকাল (৬ ফেব্রুয়ারি বুধবার) ঠাকুরগাঁও রেল স্টেশন পরিদর্শনকালে তিনি এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৬,ক.৫), **সংবাদ** (পৃ.৪,ক.৪)।

২০। **জাতীয় সংসদে আরও ৮ সংসদীয় কমিটি গঠন**

জাতীয় সংসদে আরও ৮টি নতুন মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি গঠন করা হয়েছে। এ নিয়ে গত তিনদিনে ১৫টি সংসদীয় কমিটি গঠন করা হলো। গতকাল (৬ ফেব্রুয়ারি বুধবার) ডেপুটি স্পিকার এডভোকেট ফজলে রাব্বি মিয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত সংসদ অধিবেশনে চীফ হুইপ নূর-ই-আলম চৌধুরী লিটন আরও ৮টি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতিসহ সদস্যদের নাম প্রস্তাব করেন। পরে তা কণ্ঠভোটে পাস হয়। **জনকণ্ঠ** (পৃ.২,ক.৪), **ইনকিলাব** (শেষ পৃ,ক.১), **সমকাল** (পৃ.১৯,ক.১), **অবজারভার** (শেষ পৃ,ক.৬), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

২১। **উপজেলা নির্বাচনে অনিয়ম হলে ভোট বন্ধ : সিইসি**

আসন্ন উপজেলা পরিষদ নির্বাচনে কোনো অনিয়ম হলে ভোটগ্রহণ বন্ধ করা হবে বলে হুঁশিয়ার করেছেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কে এম নূরুল হুদা। গতকাল (৬ ফেব্রুয়ারি বুধবার) রাজধানীর নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউটে পঞ্চম উপজেলা পরিষদ নির্বাচন উপলক্ষে রিটার্নিং কর্মকর্তা ও সহকারী রিটার্নিং কর্মকর্তাদের প্রশিক্ষণ কর্মসূচি উদ্বোধনকালে সিইসি এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.৩,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮)।

২২। **ইউনিসেফের ভাইস প্রেসিডেন্ট হলো বাংলাদেশ**

এ বছর থেকে বাংলাদেশ একইসঙ্গে ইউনিসেফের নির্বাহী বোর্ড সদস্য ও ভাইস প্রেসিডেন্টের দায়িত্ব পালন করবে। গত ৫ ফেব্রুয়ারি মঙ্গলবার যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে জাতিসংঘ সদরদপ্তরে শিশুবিষয়ক সংস্থাটির নির্বাহী বোর্ডের চলতি সালের প্রথম নিয়মিত অধিবেশনে এ ঘোষণা দেওয়া হয়। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.১)।

২৩। **একুশে পদক পেলেন ২১ গুণীজন**

বিভিন্ন ক্ষেত্রে অনন্য অবদানের স্বীকৃতি হিসেবে এবার ২১ জন বিশিষ্ট ব্যক্তি পাচ্ছেন একুশে পদক। সংস্কৃতিবিষয়ক মন্ত্রণালয় থেকে গতকাল (৬ ফেব্রুয়ারি বুধবার) তাদের নাম ঘোষণা করা হয়েছে। ২০ ফেব্রুয়ারি রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে এক অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ পদক তুলে দেবেন। পদকপ্রাপ্তরা পাবেন একটি সোনার পদক, সনদ ও দুই লাখ টাকার চেক। সূত্র : **যুগান্তর** (পৃ.১,ক.১), **সংবাদ** (শেষ পৃ,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৮)।

২৪। **ক্ষুদ্র উদ্যোক্তার উন্নয়নে ৫ কোটি মার্কিন ডলার ঋণ দেবে এডিবি**

বাংলাদেশের ক্ষুদ্র উদ্যোক্তার উন্নয়নে ৫ কোটি ডলার ঋণ দিচ্ছে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)। পল্লী কর্মসহায়ক ফাউন্ডেশন তার সহযোগী প্রতিষ্ঠানগুলোর মাধ্যমে ক্ষুদ্র উদ্যোক্তাদের উন্নয়নে নেওয়া প্রকল্প বাস্তবায়নে এ অর্থ ব্যয় করবে। এ লক্ষ্যে গতকাল (৬ ফেব্রুয়ারি বুধবার) রাজধানীর শেরেবাংলানগরস্থ ইআরডি সম্মেলনকক্ষে আয়োজিত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব মনোয়ার আহমেদ এবং এডিবি'র কান্ট্রি ডিরেক্টর মনমোহন প্রকাশ চুক্তিতে

স্বাক্ষর করেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৬), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (পৃ.২,ক.১)।

**সম্পাদকীয়**

**ক.** **ইত্তেফাক :** টেকসই উন্নয়ন লক্ষ্য (এসডিজি) অর্জনে ২০২০ সালের মধ্যে কাজ ও পড়াশুনা করছেনা এমন তরুণ-তরুণীর হার ২২ শতাংশে নামিয়ে আনার লক্ষ্য নির্ধারণ করা হলেও বর্তমানে ১৫ থেকে ২৯ বৎসর বয়সী ২৯ দশমিক ৮ শতাংশ তরুণ-তরুণী কোনো কাজ বা পড়াশুনা করছেনা টেকসই উন্নয়ন লক্ষ্য বিষয়ক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে তরুণদের দক্ষতা উন্নয়নে সংশ্লিষ্ট সকলকে দৃষ্টি দেওয়ার সুপারিশ।

**খ.** **বণিক বার্তা :** চট্টগ্রামের সীতাকুণ্ড ও মিরসরাইয়ের বিস্তীর্ণ এলাকাজুড়ে গড়ে ওঠা জাহাজভাঙ্গা শিল্পের রাসায়নিক বর্জ্য অপরিশোধিত অবস্থায় সাগরে ফেলায় সামুদ্রিক পরিবেশ ও জীববৈচিত্র্য হুমকির মুখে পড়ছে উল্লেখ করে পরিবেশগত সুরক্ষার স্বার্থে শিপইয়ার্ডগুলোতে বর্জ্য ব্যবস্থাপনা কার্যকরের ওপর গুরুত্বারোপ।

**গ.** **সমকাল :** দুর্নীতি অনিয়মের অভিযোগে বার বার বন্ধ হয়ে যাওয়া মালয়েশিয়ার শ্রমবাজার পুনরায় চালু হতে না হতেই একটি অসাধু গোষ্ঠী পুনরায় তৎপর হওয়ার কথা উল্লেখ করে এ ধরনের অনিয়ম-দুর্নীতির বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

**ঘ.** **যায়যায়দিন, যুগান্তর :** ইউনিসেফ বাংলাদেশের তৈরি ‘বাংলাদেশের শিশুদের অনলাইন নিরাপত্তা’ শীর্ষক জরিপে দেশের ৩২ শতাংশ শিশু অনলাইনে সহিংসতা, ভয়ভীতি ও উৎপীড়নের শিকার হয়েছে এ তথ্যে উদ্বেগ প্রকাশ করে শিশু সুরক্ষায় কার্যকর পদক্ষেপ নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ।

**ঙ.** **সংবাদ :** খাদ্যে ভেজাল উদ্বেগজনক পর্যায়ে পৌঁছেছে উল্লেখ করে ভেজালবিরোধী আন্দোলন গড়ে তোলার লক্ষ্যে সরকারি-বেসরকারি বিভিন্ন উদ্যোগ গ্রহণ করতে হবে বলে অভিমত প্রকাশ।

**চ.** **ডেইলি সান :** দেশের বিভিন্ন আদালতের মামলাগুলো বছরের পর বছর চলায় বিচারপ্রার্থীরা হয়রানির শিকার হচ্ছে উল্লেখ করে মামলাগুলো দ্রুত নিষ্পত্তির সুপারিশ।

**ছ.** **নিউজ টুডে, ইন্ডিপেনডেন্ট :** নদী দখলকারীদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে হাইকোর্টের নির্দেশ মেনে উদ্ধারকৃত নদীর : তীর যাতে পুনরায় দখলের শিকার না হয় সেদিকে দৃষ্টি রাখার পরামর্শ।

**উপসম্পাদকীয়**

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, প্রধানমন্ত্রী শেখ হাসিনা অর্থনৈতিক সেক্টরে দুর্নীতি নির্মূলের যে স্বপ্ন দেখছেন তা সময়োচিত।

**নিবন্ধ ও ফিচার**

**সমকাল** পত্রিকায় প্রকাশিত **‘বাংলাদেশে পরমাণু চিকিৎসা’** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, বর্তমান সরকার এদেশের মানুষের স্বাস্থ্যসেবা নিশ্চিত করার লক্ষ্যে পরমাণু শক্তি কমিশনের বিভিন্ন চিকিৎসা প্রতিষ্ঠানগুলো আরও আধুনিকায়ন ও বিশ্বমানে নিয়ে যাওয়ার জন্য ইতোমধ্যে অনেক কাজ সম্পন্ন করেছে এবং বর্তমানে অনেক উন্নয়ন প্রকল্পের কাজ দ্রুতগতিতে এগিয়ে চলছে।

#

ডালিয়া/ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা